গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা কৃষি প্রশিক্ষণ কেন্দ্র
মহিলা বিষয়ক অধিদপ্তর
জিরাবো, সাভার, ঢাকা।
E-mail: atcdwa@gmail.com

স্মারক নং- ৩২.০১.০০০০.০০০.২৫.০০১.-২০০৯(৪র্থ খন্ড)-১৩৯ তারিখ ঃ ১০/০৩/২০১৯ খ্রিঃ।

প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত কারিকুলাম অনুযায়ী"মহিলা কৃষি প্রশিক্ষণ কেন্দ্র" নরসিংহপুর, জিরাবো, সাভার,ঢাকায় ২৬ তম ব্যাচে (এপ্রিল - জুন/১৯ সেশনে) প্রশিক্ষণার্থী ভর্তির জন্য দেশের যে কোন এলাকার ১৬ থেকে ৪০ বৎসর বয়সের ভর্তি হতে ইচ্ছুক শুধুমাত্র মহিলাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

প্রশিক্ষণ কোর্সের বিবরণ ঃ

ক্রঃ নং	ট্রেড কোর্সের নাম	শিক্ষাগত যোগ্যতা	প্রশিক্ষণের মেয়াদ	সর্বমোট আসন সংখ্যা	ভর্তি পরীক্ষা গ্রহণের তারিখ
০১	Basic Computer (কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন)	এস.এস.সি পাশ / তদুর্ধ্ব	০৩ মাস	৬০ (ষাট) জন	০১/০৪/২০১৯ খ্রিঃ তারিখ রোজ সোমবার বেলা ১১.০০ ঘটিকা।
০২	পেস্ট্রি এন্ড বেকারী প্রোডাকশন	অষ্টম শ্রেনী পাশ / তদুর্ধ্ব	০৩ মাস		
০৩	মাশরুম চাষ ও জৈব চাষাবাদ (Organic Cultivation)	অষ্টম শ্রেনী পাশ / তদুর্ধ্ব	০৩ মাস		
০৪	ড্রেস মেকিং এন্ড টেইলরিং	অষ্টম শ্রেনী পাশ / তদুর্ধ্ব	০৩ মাস		
০৫	হর্টিকালচার এন্ড নার্সারী (ফুল চাষ)	অষ্টম শ্রেনী পাশ / তদুর্ধ্ব	০৩ মাস		

প্রশিক্ষণার্থীদের প্রদেয় সুযোগ সুবিধা সমূহ ঃ

০১। প্রশিক্ষণ কেন্দ্রে মনোরম পরিবেশে নিরাপত্তা সহকারে সম্পূর্ন বিনা/সরকারি খরচে প্রশিক্ষনার্থীদের আবাসিক ভাবে থাকা ও খাওয়ার সুব্যবস্থা আছে।
০২। প্রশিক্ষণার্থীদের মাসিক ভাতা হিসেবে ৩০০/- (তিন শত) টাকা প্রদান করা হয় এবং ভর্তি পরীক্ষার আগের দিন কেন্দ্রে অবস্থান / থাকা খাওয়ার ব্যবস্থা রয়েছে।
০৩। জাতীয় মাশরুম উন্নয়ন ও সম্প্রাসারন কেন্দ্র, সাভার, ঢাকা, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন,ঢাকা ও মহিলা বিষয়ক অধিদপ্তরসহ বিভিন্ন প্রতিষ্ঠানের অভিজ্ঞ নিয়মিত/অতিথি প্রশিক্ষকদের দ্বারা উল্লেখিত ট্রেডে প্রশিক্ষণ প্রদান ও মূল্যায়ন পরীক্ষা নেয়া হয়।
০৪। প্রশিক্ষণার্থীদের নির্বাচিত ট্রেডের পাশাপাশি সচেতনতা বৃদ্ধি ও কৃষি চাষের উপর রুটিন মাফিক প্রশিক্ষণ প্রদান করা হয়।
০৫। প্রশিক্ষণ শেষে পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড/ মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক সনদপত্র প্রদান করা হয়।
০৬। উচ্চতর প্রশিক্ষণ গ্রহণের জন্য জাপানে যাওয়ার সুযোগ সহ প্রতি ব্যাচে শিক্ষা সফরের ব্যবস্থা রয়েছে।

ভর্তির নিয়মাবলী/শর্তাবলী ঃ

০১। প্রশিক্ষণ কোর্সের বিবরণ অনুযায়ী ভর্তি ইচ্ছুক প্রার্থীদের আবেদনপত্র সহ বিজ্ঞপ্তিতে প্রকাশিত তারিখ ও সময় অনুযায়ী মহিলা কৃষি প্রশিক্ষণ কেন্দ্র, নরসিংহপুর (গ্যারেজ),জিরাবো,সাভার,ঢাকায় নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহন করতে হবে। নির্বাচিত প্রশিক্ষণার্থীগণকে নির্বাচনের দিন হতে প্রশিক্ষণ কেন্দ্রে অবস্থান করতে হবে।
০২। আবেদনকারীকে সাদা কাগজে ০৫ টি ট্রেড কোর্সের মধ্যে পছন্দক্রম উল্লেখ করে নিজের নাম, পিতার নাম,স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, বৈবাহিক অবস্থা, ধর্ম, জন্ম তারিখ, বয়স, অভিভাবকের নাম ও মোবাইল নম্বর উল্লেখ পূর্বক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, মহিলা কৃষি প্রশিক্ষণ কেন্দ্র ,নরসিংহপুর (গ্যারেজ), জিরাবো, সাভার, ঢাকা বরাবর ডাকযোগে/ কুরিয়ার সার্ভিস/atcdwa@gmail.com ই-মেইলে/সরাসরি আবেদন পৌছানো যাবে। কুরিয়ার সার্ভিসের ক্ষেত্রে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার মোবাইল নং ০১৭১৫-৮৬৯৩৭২ উল্লেখ করতে হবে। সকল প্রশিক্ষণার্থীকে সরাসরি ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য দরখাস্তসহ ০১/০৪/২০১৯ খ্রিঃ তারিখ বেলা ১১.০০ ঘটিকার পূর্বেই উক্ত প্রশিক্ষণ কেন্দ্রে অবশ্যই উপস্থিত হতে হবে।
০৩। আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্র/মার্কসিট,জন্ম নিবন্ধন সনদ, নাগরিকত্ব সনদ ও ০৩ কপি পাসপোর্ট সাইজ ছবি (সকল কাগজপত্র সত্যায়িত করে) জমা দিতে হবে। জেলা / উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার সুপারিশকৃত প্রার্থীদেরকে ভর্তির জন্য অগ্রাধিকার দেয়া হবে।
০৪। কোন চাকুরীরত,অধ্যয়নরত ছাত্রী, ছোঁয়াচে বা সংক্রামক রোগে আক্রান্ত অথবা অন্তঃসত্ত্বা মহিলাদের আবেদন করার প্রয়োজন নাই।
০৫। বিস্তারিত জানার জন্য নিম্ন স্বাক্ষরকারীর মোবাইল নং-০১৭১৫-৮৬৯৩৭২ অথবা ০১৭১৩-৮০৮৭৮৪ তে যোগাযোগ করা যেতে পারে।
০৬। ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের জন্য আলাদা কোন কার্ড এবং টি.এ/ ডি.এ প্রদান করা হবে না।

(মোঃ আফজাল হোসেন)
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
মহিলা কৃষি প্রশিক্ষণ কেন্দ্র
মহিলা বিষয়ক অধিদপ্তর
জিরাবো,সাভার, ঢাকা।
মোবাইল নং ০১৭১৫-৮৬৯৩৭২